গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
শৃঙ্খলা ও তদন্ত শাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০৬০.২৪. ৪৬

তারিখ: ০৫ ফাল্গুন ১৪৩২
১৮ ফেব্রুয়ারি ২০২৬

অফিস আদেশ

যেহেতু, জনাব আব্দুল মতিন, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, কোম্পানীগঞ্জ, সিলেট থেকে বদলী হয়ে বিগত ২৩/১১/২০২৩ তারিখে ইউনিয়ন সমাজকর্মী হিসেবে উপজেলা সমাজসেবা কার্যালয়, ভৈরব, কিশোরগঞ্জ যোগদান করেন। তিনি কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে বিগত ০৬/০৫/২০২৪ হতে কর্মস্থলে অনুপস্থিত থাকেন। কর্মস্থলে অনুপস্থিতির দায়ে তাকে সংশ্লিষ্ট কার্যালয়ের ১৬/০৫/২০২৪ তারিখ ৪১.০১.৪৮১১.০০০.২৭.০৪৮.২৩.৪৯ সংখ্যক স্মারক যোগে কৈফিয়ত তলব করে তার বাড়ির ঠিকানায় রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করা হয়। তিনি কৈফিয়ত তলবের জবাবও দেননি এবং কাজেও যোগদান করেননি। এমনকি অন্যকোন প্রকার যোগাযোগও করেনি। তাকে মুঠোফোনে যোগাযোগ করেও পাওয়া যাচ্ছে না। এমতাবস্থায়, তার বিরুদ্ধে সংশ্লিষ্ট কর্মকর্তা ও উপপরিচালক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা বরাবর পত্র প্রেরণ করেন। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা ২২/০৮/২০২৪ তারিখ ৪১.০১.০০২৩.০০০.২৭.০০১.২২.১৬২ সংখ্যক স্মারকপত্র যোগে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন;

যেহেতু, উল্লিখিত অভিযোগে সমাজসেবা অধিদপ্তরের ০৮/১০/২০২৪ তারিখে ৪১.০১.০০০০.০১৪.২৭.০৬০.২৪.২৬৪ সংখ্যক অফিস আদেশ যোগে তাকে সমায়িক বরখাস্ত করা হয়। একই অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে বিভাগীয় মামলা (মামলা নম্বর ২০/২০২৪ তারিখ ২৮/১০/২০২৪) রুজু করা হয়;

যেহেতু, জনাব আব্দুল মতিন বিভাগীয় মামলার জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানিতে অংশ গ্রহণের আগ্রহ প্রকাশ করায় বিগত ২৫/০২/২০২৫ তারিখ তার শুনানি গ্রহণ করা হয়। শুনানিকালে তিনি জানান শারিরীকভাবে অসুস্থতার দরুন ০৬/০৫/২০২৪ তারিখ থেকে কর্মস্থলে উপস্থিত থাকতে পারেননি। তার অননুমোদিত ছুটি অনুমোদন পূর্বক সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের জন্য অনুরোধ করেন। এপ্রেক্ষিতে তার বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলায় (মামলা নম্বর ২০/২০২৪ তারিখ ২৮/১০/২০২৪) আনীত অভিযোগসমূহ তদন্ত করে প্রতিবেদন প্রেরণ করার সহকারী পরিচালক-১, জেলা সমাজসেবা কার্যালয়, কিশোরগঞ্জকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা ০৯/১০/২০২৫ তারিখ ৪১.০১.৪৮০০.০০০. ০৬.৩৪৬.১০.২৭৯ সংখ্যক স্মারকপত্র মূলে তদন্ত প্রতিবেদন প্রেরণ করেন। তদন্তে জনাব আব্দুল মতিন, ইউনিয়ন সমাজকর্মী (সাময়িক বরখাস্ত), উপজেলা সমাজসেবা কার্যালয়, ভৈরব, কিশোরগঞ্জ এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলায় (মামলা নম্বর ২০/২০২৪ তারিখ ২৮/১০/২০২৪) আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়;

যেহেতু, জনাব আব্দুল মতিন, ইউনিয়ন সমাজকর্মী (সাময়িক বরখাস্ত), উপজেলা সমাজসেবা কার্যালয়, ভৈরব, কিশোরগঞ্জ অননুমোদিতভাবে ০৬/০৫/২০২৪ তারিখ হতে কত তারিখ পর্যন্ত মোট কত দিন কর্মস্থলে অনুপস্থিত ছিলেন এবং তিনি বর্তমানে কর্মস্থলে কর্মরত আছেন কিনা এ সংক্রান্ত তথ্য প্রদানের জন্য সমাজসেবা অধিদপ্তরের শৃঙ্খলা ও তদন্ত শাখার ২৬/১১/২০২৫ তারিখ ৪১.০১.০০০০.০১৪. ২৭.০৬০.২৪.৪৯৫ সংখ্যক স্মারকপত্র যোগে উপজেলা সমাজসেবা অফিসার, ভৈরব, কিশোরগঞ্জকে অনুরোধ করা হয়। উপজেলা সমাজসেবা অফিসার, ভৈরব, কিশোরগঞ্জ ১৭/১২/২০২৫ তারিখ ৪১.০১.৪৮১১.০০০.২৭.০৪৮.২৪.১৯৩ সংখ্যক স্মারকপত্র মূলে প্রেরিত তথ্যে উল্লেখ করেছেন, জনাব আব্দুল মতিন বিগত ০৬/০৫/২০২৪ তারিখ হতে তথ্য প্রেরণের তারিখ অর্থাৎ ১৭/১২/২০২৫ তারিখ পর্যন্ত মোট ১ (এক) বছর ১৫ (পনের) দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

সেহেতু, জনাব আব্দুল মতিন, ইউনিয়ন সমাজকর্মী (সাময়িক বরখাস্ত), উপজেলা সমাজসেবা কার্যালয়, ভৈরব, কিশোরগঞ্জ এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, বিভাগীয় মামলার জবাব, শুনানিকালে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন, সংশ্লিষ্ট কর্মকর্তা তথ্য এবং সার্বিক বিষয় পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(২) (খ) মোতাবেক তার বার্ষিক বেতন বৃদ্ধি ০২(দুই) বছরের জন্য স্থগিত রাখার দন্ড প্রদান এবং অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতকাল ০৬/০৫/২০২৪ তারিখ হতে তথ্য প্রেরণের তারিখ অর্থাৎ ১৭/১২/২০২৫ তারিখ পর্যন্ত মোট ১ (এক) বছর ১৫ (পনের) দিন বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো। তার সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো। সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসেবে গণ্য হবে। তিনি বিধি মোতাবেক বকেয়া বেতন ভাতাদি প্রাপ্য হবেন। উক্ত দন্ড তার সার্ভিস বহিতে লাল কালিতে লিপিবদ্ধ করতে হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১৮.০২.২০২৬

(মোস্তফা মোস্তাকুর রহিম খান)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
☎ ০২-৫৫০০৭০২২
ইমেইল: director-admin@dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০৬০.২৪. ৪৬ (১৬)

তারিখ: ০৫ ফাল্গুন ১৪৩২ / ১৮ ফেব্রুয়ারি ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. পরিচালক (কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ৩/২০ হুমায়ুন রোড, মোহাম্মদপুর, ঢাকা।
৪. উপপরিচালক (বাজেট ও অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কিশোরগঞ্জ।
৬. সহকারী পরিচালক (প্রশাসন-২/অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. উপজেলা সমাজসেবা অফিসার, ভৈরব, কিশোরগঞ্জ।
৯. উপজেলা হিসাব রক্ষণ অফিসার, ভৈরব, কিশোরগঞ্জ।
১০. জনাব আব্দুল মতিন, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, ভৈরব, কিশোরগঞ্জ।

১৮/০২/২৬

(মোঃ রবিউল করিম)
উপপরিচালক (প্রশাসন)
ফোন: ০২-৫৫০০৭৩৭০